82

দৈনিক খবর

তারিখ 20 JAN 1993
পৃষ্ঠা ৭ কলাম ২

# কৃষি বিশ্ববিদ্যালয় পরিস্থিতি উত্তপ্ত : '৪শ' ছাত্রের হল ত্যাগ

ময়মনসিংহে, ১৯শে জানুয়ারী (জেলা প্রতিনিধি)।– কৃষি বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিরাপত্তাহীন হওয়ায় প্রায় ৪০০ ছাত্র হল ত্যাগ করে শহরে আশ্রয় নিয়েছে। ছাত্রদল কৃষি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও বাকসু জিএস শাহাদৎ হোসেন চঞ্চল ক্যাম্পাস পরিস্থিতি শান্ত রাখার অঙ্গীকার ব্যক্ত করে বিশ্ববিদ্যালয় থেকে অবিলম্বে

২ এর পাতায় দেখুন

## কৃষি বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

বহিরাগতদের গ্রেফতারের দাবী জানিয়েছেন। এ ব্যাপারে ছাত্রলীগ (ম-ই) চঞ্চলের এ আহবানকে উদ্ভট ও অসামঞ্জস্যপূর্ণ উল্লেখ করে তার তীব্র প্রতিবাদ জানিয়ে বলেছে, কারণ কৃষি বিশ্ববিদ্যালয়ের এ পরিস্থিতি তাদের নিজেদেরই সৃষ্ট। বিশ্ববিদ্যালয়ের ভিসির সঙ্গে যোগাযোগ করা হলে তিনি এ ব্যাপারে কিছুই জানেন না বলে জানান।